গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

স্মারক নং- ৫৮.০১.০০০০.১০১.১১.০৩০.২৫. -২৮৬৭.

তারিখঃ ২০ ভাদ্র ১৪৩২ / ০৪ সেপ্টেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য আগ্রহী বাংলাদেশি নাগরিকগণের (সকল জেলার) নিকট হতে অনলাইনে (Online-এ http://dip.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০/-<br>(গ্রেড-১৩) | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ও ইংরেজিতে ৩০ শব্দ। |
| ২। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ১০ (দশ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২৮ শব্দ। |
| ৩। | এসিস্ট্যান্ট একাউন্ট্যান্ট<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৯ (নয়) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। |
| ৪। | রেকর্ড কীপার<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে। |
| ৫। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>বেতন স্কেলঃ ৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>(খ) সংশ্লিষ্ট এপ্টিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | ক্যাশ সরকার<br>বেতন স্কেলঃ ৮৮০০-২১৩১০/-<br>(গ্রেড-১৮) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের নিয়মাবলী/নিয়োগ সংক্রান্ত শর্তাবলী:**

১। সরকারের সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সাধারণ ও অন্যান্য সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৫। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে (www.dip.gov.bd) পাওয়া যাবে।

৭। কর্তৃপক্ষ নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dip.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ পূর্বক submit করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪/০৯/২০২৫খ্রিঃ, সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫/১০/২০২৫ খ্রিঃ, বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel ও সাম্প্রতিক তোলা স্পষ্ট রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণের ক্ষেত্রে পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ হতে ০৫ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা ও ৬ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস** চার্জ বাবদ **৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** **DIP<space>User ID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: DIP ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK-112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DIP <Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **DIP<space>Yes<space>PIN** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: DIP Yes 12345678

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for DIP Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dip.teletalk.com.bd অথবা ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের Website: www.dip.gov.bd- তে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। উক্ত প্রবেশপত্রের ফটোকপি গ্রহণযোগ্য নয়।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **DIP<space>Help<space>User<space>User ID** & Send to 16222.

Example: DIP Help User ABCDEF & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **DIP<space>Help<space>PIN<space>PIN Number** & Send to 16222.

Example: DIP Help PIN 12345678 & send to 16222.

ঝ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইল আইডিতে যোগাযোগ করতে হবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DIP, Dhaka, Post Name: *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদ ও রেজিস্ট্রেশনের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-এর প্রিন্ট কপি ও ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র দাখিল করলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১১। নাগরিকত্ব প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ক্যান্টনমেন্ট বোর্ড/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

১২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় মুক্তিযোদ্ধার সন্তান/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ বীরাঙ্গনার সন্তান/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সর্বশেষ সরকারী প্রজ্ঞাপন/ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূলকপি প্রদর্শনসহ সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৪। ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৫। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের Website: www.dip.gov.bd-তে এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dip.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৬। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

৭/৯/২৫

**(তারিক সালমান)**
উপপরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে।

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের
ওয়েবসাইটে প্রবেশের
QR Code

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের
টেলিটক পোর্টালে প্রবেশের
QR Code